

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে ২ শ' কোটি টাকার প্রকল্প

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়নে সরকার ২ শ' কোটি টাকার একটি প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা নিয়েছে। এই প্রকল্পের আওতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের আবাসন, ব্যবহার, উন্নয়ন, ছাত্র-ছাত্রীদের জন্য নতুন হল নির্মাণ ও পুরনো হলগুলোর সুযোগ-সুবিধা বৃদ্ধি, চাহিদা অনুযায়ী আরও একাডেমিক ভবন নির্মাণ ও সব ধরনের সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র এই তথ্য দিয়েছে।

সূত্র জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য দীর্ঘদিন কোনো ব্যাপকভিত্তিক প্রকল্প বাস্তবায়ন করা হয়নি। ফলে শিক্ষার্থীদের আবাসন সংকট যেমন চরমে পৌঁছেছে, তেমনি শিক্ষক-কর্মকর্তাদের আবাসনের ক্ষেত্রেও সংকট দেখেই ছিল। তাছাড়া ঐতিহ্যবাহী এই বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সুযোগ-সুবিধাও সবচেয়ে চাহিদা অনুযায়ী বৃদ্ধি করা হয়নি। এ অবস্থায় সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক উন্নয়নে প্রায় ২ শ' কোটি টাকা ব্যয়ে একটি প্রকল্প বাস্তবায়নের নীতিগত সিদ্ধান্ত নিয়েছে।